

395

**বার্ষিক পরীক্ষার পূর্বেও
বোর্ডের বই ছাত্রদের
হাতে পৌঁছে নাই**

বরগুনা (পটুয়াখালী), ১৪ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা) এই মহকুমার পাথরঘাটা থানার স্কুল ছাত্র-ছাত্রীরা বৎসরের শেষ পর্যায়েও টেক্সট বুক বোর্ডের কোন কোন বই হইতে বঞ্চিত থাকায় আসন্ন বার্ষিক পরীক্ষা প্রদানে চরম সঙ্কটের সম্মুখীন হইয়া পড়িয়াছে। এই বই সঙ্কটের দরুন পড়াশুনা না হওয়ায় বিগত অর্ধ বার্ষিক পরীক্ষায় বেশ কয়েকটি বিষয়ে পরীক্ষাগ্রহণ বন্ধ থাকে। শিক্ষা বর্ষ শেষ হইতে চলিলেও পাথরঘাটা থানার প্রধান ডাকঘরে এ পর্যন্ত সপ্তম শ্রেণীর সমাজপাঠ ও কৃষি বিজ্ঞান এবং অন্যান্য শ্রেণীর বেশ কয়েকটি পাঠ্যবই পৌঁছে নাই। ফলে সারা বৎসরই শিক্ষাক্ষেত্রে আংশিক ব্যর্থতা বিরাজ করে। এ ব্যাপারে বিভিন্ন স্কুল কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করিলে তাহারা ঘটনার সত্যতা স্বীকার করিয়া বার্ষিক পরীক্ষার ব্যাপারে উদ্বেগ প্রকাশ করেন।